বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ফোনঃ-০২২২৩৩-৮৮৯৪৯
ই-মেইলঃ-dgmppd@krishibank.org.bd

**ক্রেডিট বিভাগ**

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫/রুমাবি৩৫২/২০২২-২০২৩/ ২১২৪ (১১৫০) তারিখঃ ২৬/০২/২০২৩

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ আর্থিক সাক্ষরতা দিবস-২০২৩ উপলক্ষ্যে "প্রবাসী আয় বৈধ পথে প্রেরণের লক্ষ্যে সামাজিক সচেতনতা বৃদ্ধি" বিষয়ক আলোচনা সভা আয়োজন প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ সরকারের রূপকল্প ২০৪১ বাস্তবায়ন ও ২০৩০ সালের মধ্যে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন এবং জাতীয় আর্থিক অন্তর্ভুক্তি কৌশল (২০২১-২০২৬) বাস্তবায়নে সবার জন্য আর্থিক অন্তর্ভুক্তি নিশ্চিতকরণ প্রয়োজন। এ লক্ষ্যে আপামর জনসাধারণের মাঝে ব্যাংকিং ও আর্থিক পণ্য/সেবা সম্পর্কে সম্যক ধারণা পৌঁছে দেয়া হলে তারা আধুনিক ব্যাংকিং/আর্থিক ব্যবস্থা সম্পর্কে অবগত হয়ে প্রাতিষ্ঠানিক আর্থিক পণ্য/সেবা গ্রহণে আগ্রহী হবে যা বাংলাদেশের সার্বিক আর্থিক অন্তর্ভুক্তির লক্ষ্যমাত্রা অর্জনে বলিষ্ঠ ভূমিকা রাখবে।

০৩। বাংলাদেশের সার্বিক আর্থিক অন্তর্ভুক্তি সম্প্রসারণের লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত Financial Literacy Guidelines for Banks and Financial Institutions অনুসরণ ও বাংলাদেশ ব্যাংক এর নির্দেশনা মোতাবেক ২০২৩ সালের মার্চ মাসের ০৬ তারিখে ১ম বার **আর্থিক সাক্ষরতা দিবস (Financial Literacy Day)** পালন করা হবে। সে লক্ষ্যে **"প্রবাসী আয় বৈধ পথে প্রেরণের লক্ষ্যে সামাজিক সচেতনতা বৃদ্ধি"** বিষয়টিকে প্রতিপাদ্য করে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে প্রধান কার্যালয়ের বোর্ডরুমে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে উর্ধতন নির্বাহীদের সাথে মাঠ পর্যায়ের সকল স্তরের কর্মকর্তা কর্মচারীদের অংশগ্রহণে নিম্নোক্ত তারিখ ও সময় অনুযায়ী আলোচনা সভার আয়োজন করা হয়েছেঃ

| তারিখ | সময় | অংশগ্রহণকারী | মন্তব্য |
|---|---|---|---|
| ০৬/০৩/২০২২<br>সোমবার | বিকাল<br>০৩.০০ঘটিকা | ০১। মহাব্যবস্থাপক প্রধান কার্যালয়/ বিভাগীয় কার্যালয়সমূহ/ স্থানীয় মুখ্য কার্যালয়<br>০২। অধ্যক্ষ, বিকেবি, ষ্টাফ কলেজ।<br>০৩। বিভাগীয় প্রধান, বিকেবি, প্রধান কার্যালয়<br>০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা<br>০৫। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা<br>০৬। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিকব্যবস্থাপক<br>০৭। সকল অঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা<br>০৮। সকল শাখা ব্যবস্থাপক (সকল কর্মকর্তা/কর্মচারী সহ) | মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের নিকটবর্তী ৫টি শাখা ব্যবস্থাপক এবং আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণ মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে একটি ডিভাইসে সংযুক্ত থাকবেন। অন্যান্য সকল শাখা ব্যবস্থাপকগণ সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীসহ স্ব স্ব কার্যালয় হতে যুক্ত থাকবেন। |

০৪। এমতাবস্থায়, আলোচ্যসূচি অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে নির্ধারিত তারিখ ও সময়ে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে আয়োজিত পর্যালোচনা সভায় সংযুক্ত থাকার জন্য অনুরোধ করা হলো।

**সভার আইডি : 923 8712 5405**
**পাসকোড : bkb123**

আপনার বিশ্বস্ত

২৬/০২/২০২৩

(চানু গোপাল ঘোষ)
উপব্যবস্থাপনা পরিচালক

**বিষয় ঃ আর্থিক সাক্ষরতা দিবস-২০২৩ উপলক্ষ্যে "প্রবাসী আয় বৈধ পথে প্রেরণের লক্ষ্যে সামাজিক সচেতনতা বৃদ্ধি" বিষয়ক আলোচনা সভা আয়োজন প্রসঙ্গে।**

নং-প্রকা/ক্রেঃবিঃ/শাখা-৫/রুমাবি৩৫২/২০২২-২০২৩/ ২২২৪(২২৫০) তারিখঃ ২৬/০২/২০২৩

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (উপস্থিতির সদয় অনুরোধসহ)

০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (উপস্থিতির সদয় অনুরোধসহ)

০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।

০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। (বোর্ডরুমে নির্ধারিত সময়ে উপস্থিত থেকে সভায় অংশগ্রহণ করার জন্য অনুরোধসহ)

০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোডসহ Zoom Webinar আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।

০৯। নথি/মহানথি।

২৬/০২/২৩

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক